



লক্ষ্য বিধানমন্ড

WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2023

BNGGEC02T-BENGALI (GE2)

অনুবাদ চর্চা ও বাংলা লিখন

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রসঙ্গের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
- একক-১
- (ক) বাংলা পরিভাষা লেখোঃ (যে-কোনো দশটি) ১×১০ = ১০
- Absurd, Agreement, Bacteria, Ballad, Chorus, Discourse, Exposition, Farewell Address, Idealism, Local Colour, Mass Communication, Provident Fund, Saga, Symbolic, Trilogy.
- অথবা
- (খ) পরিভাষার সংজ্ঞা দাও। পরিভাষার গুরুত্ব উল্লেখ করে তার বৈশিষ্ট্যগুলি লেখো। ২+৪+৪
- একক-২
- (গ) অনুবাদ বলতে কী বোঝো? অনুবাদের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ২+৮
- অথবা
- (ঘ) বাংলায় অনুবাদ করোঃ ১০
- Derozio became a teacher of Hindu College (Now Presidency University) in the year 1826. He was 17 years old then, and some of his students were even older than him. He was a brilliant teacher. Students has great respect for this young teacher. Some students of senior classes also come to attend his lectures. They also had great respect for him. He taught English and European History.
- একক-৩
- (ঙ) প্রতিবেদন রচনার বিশেষত্বগুলি আলোচনা করো। ১০
- অথবা
- (চ) সম্প্রতি উড়িষ্যার করোমণ্ডল এক্সপ্রেস দুর্ঘটনাকে কেন্দ্র করে একটি প্রতিবেদন রচনা করো। ১০

(ছ) নিম্নলিখিত উদ্ধৃত অংশটির সারসংক্ষেপ রচনা করোঃ

১০

বাল্যকাল হইতেই আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা নিতান্ত আবশ্যিক, তাহাই কণ্ঠস্থ করিতেছি, তেমন করিয়া কোনোমতে কাজ চলে মাত্র, কিন্তু মনের বিকাশ লাভ হয় না। হাওয়া খাইলে পেট ভরে না। আহাৰাদি রীতিমতো হজম করিবার জন্য হাওয়া খাওয়া দরকার। তেমনি একটা শিক্ষা পুস্তককে রীতিমতো হজম করিতে অনেকগুলি পাঠ্যপুস্তকের সাহায্য আবশ্যিক। আনন্দের সহিত পড়িতে পড়িতে পড়িবার শক্তি অলক্ষিতে বৃদ্ধি পাইতে থাকে। গ্রহণশক্তি, চিন্তাশক্তি, বেশ সহজ স্বাভাবিক নিয়মে বৃদ্ধি পায়।

অথবা

(জ) নিম্নলিখিত পদ্যাংশটির সারসংক্ষেপ রচনা করোঃ

১০

আমরা সিঁড়ি,
তোমরা আমাদের মাড়িয়ে
প্রতিদিন অনেক উঁচুতে উঠে যাও,
তারপর ফিরেও তাকাও না পিছনের দিকে;
তোমাদের পদধূলিধন্য আমাদের বুক
পদাঘাতে ক্ষতবিক্ষত হয়ে যায় প্রতিদিন।

তোমরাও তা জানো,
তাই কার্পেটে মুড়ে রাখতে চাও
আমাদের বুকের ক্ষত
ঢেকে রাখতে চাও তোমাদের অত্যাচারের চিহ্নকে
আর চেপে রাখতে চাও পৃথিবীর কাছে
তোমাদের গর্বোদ্ধত, অত্যাচারী পদধ্বনি।

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

৫ × ২ = ১০

(ক) টীকা লেখোঃ পরিভাষা।

৫

(খ) অনুবাদের প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষেপে লেখো।

৫

(গ) টীকা লেখোঃ সংবাদ প্রতিবেদন।

৫

(ঘ) সারাংশ রচনার উদ্দেশ্যগুলি ব্যক্ত করো।

৫

—x—